

## জ্ঞান ব্যবস্থাপনা কোষ

বিশ্বায়নের যুগে দ্রুততর প্রবৃদ্ধি অর্জনের ক্ষেত্রে জ্ঞান-নির্ভর ব্যবস্থাপনার বিকল্প নেই। এ লক্ষ্যকে সামনে রেখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কাজের গতিময়তা ও অধিকতর উৎকর্ষতা অর্জনের লক্ষ্যে জ্ঞান ব্যবস্থাপনা কোষ (Knowledge Management Cell) গঠন করেছে।

দেশে-বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার ও সিম্পোজিয়ামে অংশগ্রহণকারী সহকর্মীদের অর্জিত অভিজ্ঞতা ও জ্ঞান Share-এ জ্ঞানকোষ বিশেষ ভূমিকা পালন করে আসছে। বিভিন্ন অনুবিভাগ ও উন্নয়ন সহযোগীভিত্তিক জ্ঞান ও তথ্যাবলী সকল সহকর্মীদের মাঝে Share করে এ বিভাগের কর্মরত কর্মকর্তাদেরকে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সামগ্রিক কর্মকাণ্ডের বিষয়ে পারদর্শী করে তোলা এ কোষের অন্যতম উদ্দেশ্য। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কর্মরত কর্মকর্তাগণ কর্তৃক অর্জিত জ্ঞান, দক্ষতা ও বিশেষজ্ঞতা অনুসন্ধান করে তা বিকাশে সুযোগ প্রদানের মাধ্যমে বিষয়-ভিত্তিক Resource Person Pool গঠন করা এ কোষের চূড়ান্ত লক্ষ্য।